# Microsoft আন্তর্জাতিক মানবাধিকার বিবৃতি

আজকের দিনে কাজের ক্ষেত্রে সবচেয়ে ক্ষমতাসম্পন্ন চালিকাশক্তিগুলি হলো কম্পিউটিং, ডিজিটাল প্রযুক্তি দ্বারা চালিত উদ্ভাবন এবং সংযোগ। তারা Microsoft-এর ব্যবসায়িক কার্যাবলীর মধ্যে অন্তর্নিহিত এবং আমরা এগুলিকে প্রতিদিন সর্বত্র মানুষের জীবন রূপান্তরিত করতে দেখছি। মানবাধিকারের সর্বজনীন বিবৃতির (ইউনিভার্সাল ডিক্লারেশন অফ হিউমান রাইটস) মূল তত্ত্ব অনুযায়ী "সকল মানুষ স্বাধীনভাবে সমান মর্যাদা এবং অধিকার নিয়ে জন্মগ্রহণ করে" আমরা এমন টেকনোলজি এবং পরিষেবা উন্নত করতে অঙ্গীকারবদ্ধ যা বিশ্বব্যাপী ব্যক্তি সাধারণকে এবং শেয়ার্ড অভিজ্ঞতাগুলিকে সমৃদ্ধ করে। Microsoft আন্তর্জাতিক মানবাধিকার বিবৃতিটি মানুষের মর্যাদার উন্নতি এবং মানবাধিকারের প্রতি শ্রদ্ধা জানানোর আমাদের কর্মপন্থার বিবরণ দেয়।

## ভূমিকা

মানবজাতির সর্বাঙ্গীন উন্নতি, সকলকে অধিকার প্রদান করা ও সুরক্ষিত রাখা এবং কাউকে পিছিয়ে পরতে না দেওয়ার জন্যই টেকনোলজি ব্যবহার করা উচিত। মানবাধিকারের সুরক্ষা Microsoft-এর মূল্যবোধের কেন্দ্র। আমাদের টেকনোলজি ব্যবহার করে আরও অনেক কিছু অর্জন করার ক্ষেত্রে এটি, প্রতিটি মানুষ এবং প্রতিটি প্রতিষ্ঠানকে ক্ষমতায়ন করার আমাদের মিশনের এক অবিচ্ছেদ্য অংশ। আমরা মনে করি যে মানুষ, প্রতিষ্ঠান এবং সমাজ কেবল সেই টেকনোলজি ব্যবহার করবে যার ওপরে তাদের বিশ্বাস আছে এবং তারা কেবল সেই সকল টেকনোলজির ওপরেই আস্থা রাখবে যারা তাদের অধিকার এবং মানুষের মর্যাদার উন্নতি এবং তাদের সুস্বাস্থ্যের সম্মান করে।

সকলের প্রতি যত্ন ও শ্রদ্ধা Microsoft-এর মূল্যবোধের প্রধান আধার, তাছাড়াও বিশ্বজুড়ে মানবাধিকারের অগ্রগতির বিষয়ে আমাদের দৃষ্টিভঙ্গি আন্তর্জাতিক আইন, নীতি এবং আদর্শগুলি সহ মানবাধিকারের সর্বজনীন বিবৃতি, নাগরিক ও রাজনৈতিক অধিকার সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি, এবং সুশাসনব্যবস্থার বিষয়ে জাতিসংঘের কাজ এবং আইনি শাসন ব্যবস্থা এতে অন্তর্ভুক্ত।

মানুষজন যাতে টেকনোলজির ব্যবহার করতে পারে তা সুনিশ্চিত করতে Microsoft অঙ্গীকারবদ্ধ:

- মানবতার মঙ্গলার্থে
- বিশ্বের সকল প্রান্তের মানুষদের সাথে যোগস্থাপন করতে, তথ্য, জ্ঞান, আইডিয়া এবং অনুপ্রেরণা খুঁজতে এবং শেয়ার করতে
- বৈষম্য, বহিস্কার বা শোষণকে পরাস্ত করতে
- আমাদের গ্রহকে সুরক্ষিত রাখতে
- সর্বত্র সকলের স্বাস্থ্য উন্নত করতে

- গণতন্ত্র, সুশাসনব্যবস্থা, এবং আইনি শাসন ব্যবস্থার প্রতিপালন এবং প্রচার করতে
- গোপনীয়তা, সুরক্ষা, নিরাপত্তা, মতামত, মত প্রকাশ, সহযোগিতা এবং শান্তিপূর্ণ সমাবেশের স্বাধীনতা এবং অন্যান্য মানবাধিকার সুরক্ষিত রাখতে এবং উন্নত করতে

**আমরা কীভাবে এই অঙ্গীকার পূরণ করি:**

- ব্যাপক পরিসরে বিস্তৃত স্টেকহোল্ডারদের সাথে নিযুক্ত হওয়া, শেখা এবং কাজ করা: নিযুক্ত হওয়ার পরিবর্তী পদক্ষেপ হলো কথোপকথন। কথোপকথনের মাধ্যমে আমরা নিজেদের মূল্যবোধ, আমাদের বক্তব্য এবং এই পরিবর্তনশীল টেকনোলজি এবং তারা কীভাবে এটি ব্যবহার করতে পারে বা কীভাবে ব্যবহার করা উচিত সে বিষয়ে আমাদের জ্ঞান শেয়ার করতে পারি। এটি আমাদের বিশ্বের বিভিন্ন স্তরের সমাজে বসবাসকারী স্টেকহোল্ডারদের উদ্বেগ এবং দৃষ্টিভঙ্গির বিষয়ে জানতে এবং বুঝতে আমাদের সহায়তা করে। আমরা তাদের সাথে কাজ করি যাতে আমরা নতুন আইডিয়া এবং সমাধানগুলি খুঁজে এমন একটি ডিজিটাল সমাজ গড়ে তুলতে পারি যা মানবাধিকারের সম্মান করে এবং উন্নতি করে।
- চ্যালেঞ্জগুলি গ্রহণ করা এবং যা সঠিক সে বিষয়ে নির্দ্বিধায় সরব হওয়া: আমরা মনে করি আমরা মানবাধিকারের সংরক্ষণ আরও সুষ্ঠভাবে তখনই করতে পারব যখন আমরা মানবাধিকার সংক্রান্ত গুরুতর সমস্যাধীন দেশগুলিতে পুরোপুরিভাবে উপস্থিত থাকবো, সেখান থেকে অনুপস্থিত থেকে না। আমরা মনে করি দীর্ঘ মেয়াদে, কঠিন পারিপার্শ্বিক পরিবেশে মানুষজন, সরকার এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে দ্বায়িত্বের সাথে নিযুক্ত হওয়া মানবাধিকারের উন্নতিতে অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- আমাদের ব্যবসা এবং টেকনোলজিতে মানবাধিকারকে প্রয়োগ করা: আমাদের টেকনোলজিগুলি মানবাধিকারকে কীভাবে প্রভাবিত করে তা নির্ধারণ করতে আমরা ডিউ ডিলিজেন্স করে থাকি। আমরা নিজেদের ডিলিজেন্সকে পরিচালনা করতে আন্তর্জাতিক নীতি এবং নিয়মাবলী, যেমন ব্যবসা এবং মানবাধিকার সম্পর্কিত জাতিসংঘের নির্দেশক নীতিসমূহ , অনুযায়ী নির্দেশিত করি। আমরা আমদের স্টেকহোল্ডারদের থেকে যাকিছু শিখি তা আমরা নিজেদের চিন্তা ভাবনাকে চ্যালেঞ্জ করতে, আমাদের নীতি এবং অনুশীলনগুলিকে আরও উন্নত এবং সুক্ষ্মতর করতে, ঝুঁকি হ্রাস করতে এবং আমাদের টেকনোলজির উন্নতির জন্য এবং মানবাধিকারের প্রতি আমাদের অঙ্গীকার পূরণ করতে ব্যবহার করি।



ব্র্যাড স্মিথ, প্রেসিডেন্ট

## আমাদের দায়িত্ব

সর্বত্র মানবাধিকারের অনুশীলন বজায় রাখার গুরুত্বপূর্ণ পন্থা হিসাবে টেকনোলজির ভূমিকা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। একটি আন্তর্জাতিক তথ্য এবং যোগাযোগের টেকনোলজি (ICT) কোম্পানি হিসাবে আমাদের গুরুদায়িত্ব হলো এমন একটি দীর্ঘস্থায়ী ভবিষ্যৎ গড়ে তোলার যেখানে সকলের টেকনোলজি প্রদত্ত সুযোগ সুবিধাগুলি উপভোগ করার অ্যাক্সেস আছে। আমরা এমন পণ্য এবং পরিষেবা তৈরি করতে চাই যার ওপর

বিশ্বজুড়ে গ্রাহকরা আস্থা রাখতে পারে এবং তার মান বুঝতে পারে। আমাদের প্রাথমিক পণ্যের ডিজাইন এবং বিকাশ থেকে সাপ্লাই চেইন, উৎপাদন এবং পরিচালনা, অবশেষে সম্পূর্ণ নিয়োজন - আমরা এমনভাবে কাজ করি যাতে মানবাধিকারের ওপর ইতিবাচক এবং ক্ষতিকারক প্রভাবগুলি শনাক্ত করা যায় এবং সেগুলির বিষয়ে বোঝা যায়।

এই কার্যকারিতাগুলি পরিচালনা করতে Microsoft ব্যবসা এবং মানবাধিকার সম্পর্কিত জাতিসংঘের নির্দেশক নীতিসমূহ (UNGPs) মেনে চলতে অঙ্গীকারবদ্ধ। আমরা প্রতিদিন সমগ্র Microsoft জুড়ে, দুটি হেডকোয়ার্টারে এবং প্রায় 200টি দেশ এবং অঞ্চলে অবস্থিত অফিস এবং আমাদের সমগ্র সাপ্লাই চেইনে প্রতি নিয়ত UNGPs-এর প্রয়োগ করতে কাজ করি।

UNGPs ব্যবসাগুলিকে মানবাধিকারের প্রতি যথাযোগ্য সম্মান জানানোর জন্য ডিউ ডিলিজেন্স করার কথা বলে যাতে তাদের কার্যকলাপ কীভাবে মানবাধিকারের ওপর ক্ষতিকারক প্রভাব ফেলতে পারে কীভাবে সেই ক্ষতির হার কমানো যায় এবং ক্ষয়ক্ষতির পুনরুদ্ধার কীভাবে করা যায় সে বিষয়ে জানা যায়। আমরা আমাদের এই অঙ্গীকারের কথা আমাদের স্টেকহোল্ডারদের আমাদের Global Human Rights Statement (আন্তর্জাতিক মানবাধিকারের বিবৃতি) ওয়েবসাইটের মাধ্যমে শেয়ার করি যেখানে এই বিবৃতিটি 18টি ভাষায় উপলব্ধ।

**মানবাধিকারের সংজ্ঞা:** বিশ্ব জুড়ে কোটি কোটি রাইটসহোল্ডার সহ একটি আন্তর্জাতিক টেকনোলজি কোম্পানি হিসাবে আমরা সকল প্রকার মানবাধিকারের প্রতি সম্মান জানাতে প্রতিশ্রুতিবদ্ধ - নাগরিক, রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক এবং সাংস্কৃতিক। আরও সুনির্দিষ্টভাবে বলতে গেলে, নিম্নলিখিত আন্তর্জাতিক মানবাধিকারের সরঞ্জামগুলির অধীনে, Microsoft মানবাধিকারের প্রতি সম্মান জানাতে প্রতিশ্রুতিবদ্ধ:

- মানবাধিকারের সর্বজনীন বিবৃতি
- নাগরিক ও রাজনৈতিক অধিকার সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি
- অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি
- কর্মক্ষেত্রে মৌলিক নীতি ও অধিকার সম্পর্কিত আন্তর্জাতিক শ্রম সংস্থার বিবৃতি
- মহিলাদের বিরুদ্ধে সকল প্রকার বৈষম্যের দূরীকরণ সম্পর্কিত কনভেনশন
- বাচ্চাদের অধিকার সম্পর্কিত কনভেনশন
- প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সম্পর্কিত কনভেনশন
- সকল প্রকার বর্ণ বৈষম্য দূরীকরণ সম্পর্কিত আন্তর্জাতিক কনভেনশন
- সকল অভিবাসী শ্রমিক এবং তাদের পরিবারের সদস্যদের অধিকার সংরক্ষণের বিষয়ে আন্তর্জাতিক কনভেনসন
- জেনেভা কনভেনশন এবং তাদের অতিরিক্ত প্রোটোকল
- আন্তর্জাতিক অপরাধ আদালতের রোম আইন
- আদিবাসীদের অধিকার সম্পর্কিত জাতিসংঘের বিবৃতি
- মানবাধিকার রক্ষাকারীদের সম্পর্কে জাতিসংঘের বিবৃতি

এছাড়াও আমরা নিম্নলিখিত ফ্রেমওয়ার্ক এবং মাল্টি-স্টেকহোল্ডার ইনিশিয়েটিভের সদস্য, হস্তাক্ষরকারী বা সমর্থক:

- চাইল্ড রাইটস অ্যান্ড বিজনেস প্রিন্সিপালস
- গ্লোবাল নেটওয়ার্ক ইনিশিয়েটিভ
- সাসটেনেবল ডেভেলপমেন্ট গোলস
- ইউনাইটেড নেশনস গ্লোবাল কমপ্যাক্ট
- LGBTI বা সমকামীদের বিরুদ্ধে বৈষম্য মোকাবিলা করতে জাতিসংঘের ব্যবসায়িক আচরণবিধির স্ট্যান্ডার্ড
- উইমেনস এমপাওয়ারমেন্ট প্রিন্সিপালস

## ফাউন্ডেশনাল প্রিন্সিপালস

আমাদের কার্যকলাপ নিম্নলিখিত নীতিগুলির ওপর ভিত্তি করে চালিত হয়:

**মানবাধিকারের বর্তমান ডিউ ডিলিজেন্স সংক্রান্ত আমাদের অঙ্গীকারসমূহ:** ডিজিটাল টেকনোলজির সাথে সম্পর্কিত সম্ভাব্য মানবাধিকার সংক্রান্ত প্রভাবগুলি বোঝা এক অভিনব চ্যালেঞ্জের সম্মুখীন করে। আমাদের গ্লোবাল এবং চলমান প্রক্রিয়াগুলি, আমাদের নিজস্ব কার্যকলাপ বা আমাদের ব্যবসায়িক সম্পর্কের ফলস্বরূপ মানবাধিকারের ওপর কোনো প্রকৃত বা সম্ভাব্য, বিরূপ প্রভাব ফেলছে কিনা এবং সেক্ষেত্রে কোনো অবদান রাখছে কিনা বা তার সাথে সরাসরি যুক্ত থাকছে কিনা তা শনাক্ত এবং মূল্যায়ন করার ফোকাস দিয়েই শুরু হয়। আমাদের প্রক্রিয়াগুলি UNGPs এবং OECD গাইডলাইনস ফর মাল্টিন্যাশনাল এন্টারপ্রাইসেস অনুসরণ করে। হিউমান রাইটস ইমপ্যাক্ট অ্যাসেসমেন্টস (HRIAs)-এর মাধ্যমে সুপ্ত বা সম্ভাব্য ঝুঁকিগুলির শনাক্ত করা এবং সেগুলিকে অগ্রাধিকার প্রদান করা আমাদের নির্ধারিত পন্থার মধ্যে একটি। আমরা কর্পোরেট এবং পণ্য দুই ক্ষেত্রেই, বিভিন্ন দেশে এবং নানা অবস্থানে HRIAs পরিচালনা করেছি। আমাদের HRIA কাজের মধ্যে অন্তর্ভুক্ত স্টেকহোল্ডারদের সাথে নিয়মিত যোগাযোগ এবং পর্যালোচনা যাতে দুর্বল দল বা জনগোষ্ঠীর দৃষ্টিভঙ্গি বোঝা ও সমাধানের প্রয়াস করা যায়।

যখন এই মূল্যায়ন সম্পূর্ণ হয়, আমরা সেই ফলাফলগুলিকে একত্র করি এবং কোম্পানি বা পণ্যের জীবনচক্র জুড়ে আমাদের এই প্রয়োগ ট্র্যাক করি। আমরা নিজেদের স্টেকহোল্ডারদের জানাই যে কীভাবে আমাদের চলমান CSR রিপোর্টিং, বার্ষিক মানবাধিকারের রিপোর্ট, ষান্মাসিক ডিজিটাল ট্রাস্ট রিপোর্ট, এবং অন্যান্য চ্যানেলের মাধ্যমে ইতিবাচক এবং ক্ষতিকারক প্রভাবগুলি শনাক্ত ও মূল্যায়ন করি এবং কীভাবে তাদের বিরুদ্ধে কোনো অ্যাকশন নেওয়া হয়। আমরা পরিবর্তনশীল ঝুঁকি, সর্বোত্তম অনুশীলন এবং স্টেকহোল্ডারদের প্রয়োজনীয়তাগুলি বুঝতে এবং কার্যকর উপায়ে সেগুলি বাস্তবায়িত করতে চাই।

**প্রতিকারের প্রতি আমাদের প্রতিশ্রুতি::** প্রতিকার মানাধিকারকে সম্মান করার কর্পোরেট দায়বদ্ধতার একটি অবিচ্ছেদ্য অঙ্গ এবং যে পরিস্থিতিতে Microsoft মানবাধিকারের ওপর কোনো বিরূপ প্রভাব ফেলতে বা অবদান রাখতে পারে সেইসকল ক্ষেত্রে একটি কার্যকর অভিযোগ জানানোর পদ্ধতি এবং প্রতিকারের অ্যাক্সেস সরবরাহ করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আমরা রাজ্য সহ অন্যদের দ্বারা অ্যাক্সেসযোগ্য বা সরবরাহ করা অভিযোগের চ্যানেল বা প্রতিকারগুলিতে বাধা না দিতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা আমাদের ICT

সরবরাহকারী সহ আমাদের ব্যবসায়িক কার্যকলাপ জুড়ে প্রতিকার প্রদানের উদ্যোগে সহযোগিতা করা চালিয়ে যেতে প্রতিশ্রুতিবদ্ধ। এটা সুনিশ্চিত করা আমাদের কাজ যে সকল অধিকার-ধারক এবং তাদের উপস্থাপকরা এই পদ্ধতিগুলিতে তাদের অধিকারের বিষয়ে ওয়াকিবহাল। প্রভাবিত পক্ষদের অ্যাক্সেসযোগ্যতা সুনিশ্চিত করতে আমরা প্রতিকারের নির্দেশিকাটিকে অনেকগুলি ভাষায় অনুবাদ করি। কেউ যদি মানবাধিকার সম্পর্কিত কোনো অভিযোগ বা প্রশ্ন উত্থাপন করে বা এই জাতীয় অভিযোগগুলির পরবর্তী তদন্তে অংশ নেয় তাহলে তার বিরুদ্ধে যে যেকোনো ধরণের প্রতিশোধমূলক পদক্ষেপ নেওয়াকে Microsoft নিষিদ্ধ করে।

আমাদের মানবাধিকার সংক্রান্ত কার্যকারিতা সংক্রান্ত বিষয়ে যদি কেউ Microsoft-এর কাছে কোনো অভিযোগ উত্থাপন করতে বা কোনো প্রতিকার চায় তাহলে নিম্নলিখিত গোপনীয় উপায়ে একাধিক ভাষায় তিনি তা করতে পারবেন:

- Microsoft Integrity ওয়েবসাইটের মাধ্যমে একটি বেনামী রিপোর্ট জমা করুন
- Microsoft ব্যবসায়িক আচরণবিধির ইমেইল অ্যাড্রেসে ইমেইল পাঠান
- বিনামূল্যের Microsoft ইন্টিগ্রিটি হটলাইনে কল করুন

আমরা নির্দিষ্ট উদ্বেগগুলি প্রকাশের জন্য উৎসর্গীকৃত পণ্য-নির্দিষ্ট চ্যানেলও সরবরাহ করি, যাতে অন্তর্ভুক্ত:

- অ্যাক্সেসযোগ্যতা: ডিসেবিলিটি আনসার ডেস্ক এবং এন্টারপ্রাইজ ডিসেবিলিটি আনসার ডেস্ক সেইসকল মানুষ বা প্রতিষ্ঠানকে টেকনিকাল সহায়তা প্রদান করে যাদের Microsoft-এর পণ্য এবং পরিষেবার অ্যাক্সেস যোগ্যতা সম্পর্কে কোনো প্রশ্ন আছে।
- গেমিং: Xbox লাইভ পলিসি & এনফোর্সমেন্ট সকল Xbox লাইভ প্ল্যাটফর্ম এবং কমিউনিটির সদস্যদের জন্য একটি সুরক্ষিত, নিরাপদ এবং উপভোগযোগ্য অভিজ্ঞতা বজায় রাখে এবং তার প্রচার করে।
- গোপনীয়তা: প্রাইভেসী সাপোর্ট ফর্ম Microsoft-এর গোপনীয়তা অনুশীলন সংক্রান্ত বিষয়ে এবং ডেটার মালিককে তার অধিকার অনুযায়ী, ব্যক্তিগত ডেটায় অ্যাক্সেস করার অধিকার বা মোছার অধিকারের বিষয়ে প্রশ্ন করার সুযোগ প্রদান করে।
- ডিভাইসের দায়িত্বপূর্ণ উৎসস্থল: ওয়ার্কার্স ভয়েস হটলাইন প্রোগ্রাম ফ্যাক্টরিতে কর্মরত শ্রমিকদের বিশ্বাসজনক এবং বেনামী রিপোর্টিং চ্যানেল প্রদান করে যা একটি তৃতীয় পক্ষের পরিষেবা প্রদানকারী দ্বারা পরিচালিত।

**আমাদের অঙ্গীকার সুশাসনব্যবস্থা এবং আইনি শাসন ব্যবস্থার সমর্থন করা**: বিশ্বজুড়ে সুশাসনব্যবস্থা এবং আইনি শাসনব্যবস্থা Microsoft-কে মানবাধিকারের সম্মান করতে সক্ষম করে। সুশাসনব্যবস্থা এবং আইনি শাসনব্যবস্থা জন্য প্রয়োজন স্বচ্ছ, দায়িত্বশীল, দায়বদ্ধ এবং অংশগ্রহণমূলক প্রক্রিয়া যেগুলি ব্যক্তি বিশেষ এবং সম্প্রদায়গুলির প্রয়োজন এবং আকাঙ্খাগুলির পূরণ করতে প্রতিক্রিয়াশীল থাকে। সুশাসনব্যবস্থা এবং আইনি শাসন সুনির্দিষ্ট কাজ, স্থিতিশীল জীবন, জনগণের সুরক্ষা এবং তাদের মানবাধিকারের ওপর সরকারী হস্তক্ষেপ থেকে স্বাধীনতার সাথে নিবিড়ভাবে সম্পর্কযুক্ত। আমরা সেইসকল সরকারী নীতির সমর্থন করি যেগুলি উদ্ভাবনীকে সমর্থন করে এবং একইসাথে মানবাধিকারের সুরক্ষাও সুনিশ্চিত করে। আমরা নিয়মিত মাল্টিন্যাশনাল, আঞ্চলিক এবং স্থানীয় বিবিধ-স্টেকহোল্ডারদের সাথে সংযোগের মাধ্যমে এটি চরিতার্থ করে থাকি।

একটি মাল্টিন্যাশনাল কোম্পানি হিসাবে, যারা আইনকে সর্বাধিক প্রাধান্য দিয়ে থাকে, আমরা জানি যে আমরা আইনে উর্ধ্বে নই। আমরা প্রযোজ্য আইনের সম্মান করি। কিন্তু জাতীয় আইন কেবল একটি ভূমি প্রদান করে। যেখানে আন্তর্জাতিক মানবাধিকারের স্ট্যান্ডার্ড জাতীয় আইনকেও ছাপিয়ে যায়, আমরা গ্লোবাল নিয়মাবলীর স্বীকৃতির প্রচার করি এবং আমাদের ব্যবসায়িক কার্যকলাপ এবং কার্যকারিতাকে আন্তর্জাতিক মানের সাথে সমকক্ষ রাখার প্রচেষ্টা করি।

**আমাদের জড়িত থাকার প্রতিশ্রুতি**: আমরা বিশ্বাস করি যে গুরুতর মানবাধিকার সংক্রান্ত চ্যালেঞ্জ আছে এমন দেশগুলিতে জনগণ এবং সরকারদের সাথে দায়িত্বশীলভাবে জড়িত থাকলে তাদের অধিকারের অগ্রগতিতে বৃহত্তর ভূমিকা পালন করা যায়; এ জাতীয় দেশগুলিতে অনুপস্থিতির পরিবর্তে আমাদের উপস্থিতির মাধ্যমে আমরা আমাদের বিশ্ব মানবাধিকার প্রতিশ্রুতিগুলি আরও কার্যকরভাবে পূরণ করতে পারি।

আমরা স্বীকার করি যে এই ধরনের কার্যকরী পরিবেশগুলির জন্য প্রয়োজন যথাযথ পরিশ্রম এবং স্বচ্ছ নীতিমালা অনুসরণ করা। এই বিষয়গুলি কীভাবে মানবাধিকারের ওপর বিরূপ প্রভাবের ঝুঁকি বাড়িয়ে তুলতে পারে এবং কীভাবে আমরা এই ধরনের প্রভাবগুলি প্রতিরোধ বা হ্রাস করতে পারি তা বুঝতে আমরা নিজেদের নিয়োগ করি। এই পদ্ধতিকে সফল করার মূল কারণগুলির মধ্যে রয়েছে স্থানীয় স্টেকহোল্ডার গ্রুপগুলি সহ বিবিধ-স্টেকহোল্ডারদের সাথে নিযুক্তি এবং পর্যালোচনা, এবং অন্যান্য প্রাথমিক বিষয়গুলিকে প্রভাবিত করতে আমাদের খ্যাতি, সংলাপ এবং অন্যান্য বিভিন্ন ব্যবসায়িক সিদ্ধান্তগুলি অন্তর্ভুক্ত।

**দুর্বলতর গ্রুপগুলির প্রতি আমাদের প্রতিশ্রুতি:** যদিও মানবাধিকার সার্বজনীন, কিন্তু সর্বত্র সেগুলি উপভোগ করা যায় না। উদাহরণস্বরূপ, বিভিন্ন ধরণের বৈষম্যের জন্য আমাদের দুর্বল গ্রুপগুলির প্রতি বিশেষ মনোযোগ দেওয়া আবশ্যক। দুর্বল গ্রুপগুলিতে সেইসকল ব্যক্তিরা অন্তর্ভুক্ত রয়েছে যারা গুরুতর প্রতিকূল প্রভাবগুলির জন্য অতি সংবেদনশীল, বা যাদের প্রতিকারের পন্থা হিসাবে বাস্তবসম্মত অ্যাক্সেস অনেক কম। আমরা বর্ণ, জাতি, প্রজাতি, লিঙ্গ, ভাষা, ধর্ম, রাজনৈতিক বা অন্যান্য মতামত, জাতীয় বা সামাজিক উৎপত্তি, সম্পত্তি, জন্ম বা অন্যান্য স্থিতি যেমন প্রতিবন্ধিতা, বয়স, বৈবাহিক এবং পারিবারিক স্থিতি, লিঙ্গ, যৌন দৃষ্টিভঙ্গি, লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তি, স্বাস্থ্যের স্থিতি, বাসস্থান, অর্থনৈতিক ও সামাজিক পরিস্থিতি বা অন্যান্য বৈশিষ্ট্য বা বৈষম্যের একাধিক বিভেদভাজন রূপ যা মানবাধিকারের বাস্তবায়নকে প্রভাবিত করে তার ভিত্তিতে কোনরকম বৈষম্য ছাড়াই ব্যবসা পরিচালনা করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আমরা দুর্বল গোষ্ঠীগুলিকে ক্ষমতা প্রদান করতে প্রাতিশ্রুতিবদ্ধ যাতে তারা তাদের অধিকারকে আরও ভালভাবে বলবৎ করতে পারে।।

**মানবাধিকারের রক্ষকদের প্রতি আমাদের প্রতিশ্রুতি**: মানবাধিকারের প্রতি শ্রদ্ধা ও অগ্রাধিকারের আমাদের প্রতিশ্রুতিতে বিশ্বজুড়ে মানবাধিকার রক্ষাকারীদের কাজের প্রতি সম্মান ও সমর্থন অন্তর্ভুক্ত রয়েছে। মানবাধিকার রক্ষক বলতে সেই সকল ব্যক্তি যারা স্বতন্ত্রভাবে বা অন্যদের সাথে মিলিতভাবে, এমন ক্রিয়াকলাপ এবং উমেদারির সাথে জড়িত যা মানবাধিকার এবং আইনের শাসন, সুশাসন, সহনশীলতা, এবং বৈচিত্রের সুরক্ষা এবং অন্তর্ভুক্তিতে অবদান রাখে। মানবাধিকারের রক্ষকরা অবিরাম শারীরিক, সামাজিক, অর্থনৈতিক এবং মানসিক হুমকির সম্মুখীন হন। Microsoft মানবাধিকার রক্ষকদের বিরুদ্ধে হুমকি, ভয় দেখানো, প্রতিশোধ নেওয়া, শারীরিক, আইনী বা সাইবার-আক্রমণ সহ্য করে না। এই

প্রতিশ্রুতিটি সমস্ত মানবাধিকার রক্ষকদের কাছে প্রসারিত, এমনকী তাদের কাছেও যারা Microsoft সম্পর্কিত ইস্যুগুলিতে কাজ করেন এবং যারা তাদের নিজস্ব মত প্রকাশের স্বাধীনতা, সমিতি এবং শান্তিপূর্ণ সমাবেশের অধিকার প্রয়োগ করেন, এমনকী যারা আমাদের নিজস্ব ব্যবসায়ের দৃষ্টিভঙ্গীগুলির বিরোধিতা করে বা সেগুলিকে চ্যালেঞ্জ করে।

সকল দেশে এবং বিশেষতঃ যেখানে নাগরিক স্বাধীনতার সুরক্ষার ব্যবস্থা দুর্বল এবং যেখানে মানবাধিকারের রক্ষকদের ভীতিপ্রদর্শন করা হয়, আমরা আমাদের মানবাধিকার অনুশীলনের অংশ হিসাবে স্থানীয় মানবাধিকার রক্ষকদের সাথে পরামর্শ করতে এবং তারা যে প্রতিবন্ধকতা এবং জটিলতার সম্মুখীন হয় তার জন্য বর্ধিত সংবেদনশীলতার সাথে তাদের কাজকে সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা প্রযুক্তির উপর বর্ধিত আস্থার মাধ্যমে তাদের লক্ষ্য অর্জনের জন্য মানবাধিকার রক্ষকদের ক্ষমতা বর্ধন করার চেষ্টা করি। এই লক্ষ্যটি পূরণ করতে Microsoft মানবাধিকার রক্ষকদের সাইবার নিরাপত্তা এবং তাদের টেকনোলজির ব্যবহার সক্ষম করে এবং উন্নত করতে সহায়তা করে।

**জলবায়ু পরিবর্তন প্রশমনের প্রতি আমরা প্রতিশ্রুতিবদ্ধ:** জলবায়ু পরিবর্তন এক বিস্তীর্ণ শ্রেণীর মানবাধিকারের সম্পূর্ণ উপভোগের ক্ষেত্রে একটি চ্যালেঞ্জ উপস্থাপন করে এবং বিদ্যমান দারিদ্র্য এবং বৈষম্যকে আরও বাড়িয়ে তোলে। জলবায়ু পরিবর্তন দ্বারা গুরুতরভাবে ক্ষতিগ্রস্থ কোনো পরিবেশে আমরা আমাদের মানবাধিকারের দায়িত্বগুলি পূরণ করতে পারব না। জলবায়ু পরিবর্তন প্রশমনের প্রতি আমাদের প্রতিশ্রুতি কার্বন, বাস্তুতন্ত্র, জল এবং বর্জ্য পদার্থের উপর কেন্দ্রীভূত এবং এটি আমাদের সমগ্র অপারেশন এবং সরবরাহ শৃঙ্খল জুড়ে প্রয়োগ করা হয়। আমরা ভূমি, প্রাকৃতিক সম্পদ এবং জলের ভারসাম্যকে সম্মান করি। আমরা আমাদের অফিস, আমাদের সরবরাহকারী এবং আমাদের কাঁচামাল উৎপাদনকারীদের পরিবেশগত এবং অর্থনৈতিক পদক্ষেপগুলি পরিচালনা করার বিষয়ে আমাদের দায়বদ্ধতা স্বীকার করি, যা ব্যক্তি এবং পরিবারের শারীরিক এবং আর্থিক সুস্থতার উপর সুদূর ইতিবাচক এবং নেতিবাচক প্রভাব ফেলতে পারে। আমরা আমাদের বার্ষিক পরিবেশগত স্থিতিশীলতার রিপোর্টিং-এ, 2030 সালের পরিবেশগত স্থিতিশীলতার লক্ষ্য অর্জনের দিকে আমাদের অগ্রগতি ট্র্যাক এবং রিপোর্ট করি।

আমরা স্বীকার করেছি যে জলবায়ু পরিবর্তনজনিত প্রভাবে কিছু গোষ্ঠী এবং সম্প্রদায় অন্যদের তুলনায় বেশি ঝুঁকির মধ্যে রয়েছে, যাতে অন্তর্ভুক্ত মহিলা সহ, দারিদ্র্য এলাকায় বা তার আশেপাশে বসবাসকারী সম্প্রদায়, আদিবাসী মানুষ এবং সংখ্যালঘু গোষ্ঠী। এই দুর্বলতাগুলি সম্পর্কে আমাদের উপলব্ধি কেবলমাত্র স্থানান্তর এবং জলবায়ুর প্রতি বিচারের দিকে আমাদের দৃষ্টিভঙ্গিকে চালিত করে। আমাদের স্থিতিশীলতার নীতি এবং অনুশীলনগুলি বিকাশ করার সময় আমরা সমাজ বহির্ভূত জনগোষ্ঠী বা তাদের বৈধ প্রতিনিধিদের সাথে জড়িত হতে প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের টেকনোলজি এবং উদ্ভাবনকে ব্যবহার করে দুর্বলতর সম্প্রদায়গুলির জলবায়ুর প্রতি সহনশীলতা বাড়িয়ে তুলতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

**সহযোগিতা এবং সম্মিলিত পদক্ষেপের প্রতি আমরা প্রতিশ্রুতিবদ্ধ**: ডিজিটাল টেকনোলজির সাথে সম্পর্কিত কিছু মানবাধিকার সংক্রান্ত চ্যালেঞ্জগুলি একটি কোম্পানির দ্বারা বা এমনকী একা কোনো ইন্ডাস্ট্রির কার্যকর্মের মাধ্যমে মোকাবিলা করা যেতে পারে, সুতরাং অংশীদারিত্ব এবং বিবিধ-স্টেকহোল্ডারদের সাথে সহযোগিতা আমাদের প্রচেষ্টার কেন্দ্রবিন্দু।

আমরা জাতিসংঘের গ্লোবাল কমপ্যাক্টের প্রথম সারির স্বাক্ষরকারী এবং গ্লোবাল নেটওয়ার্ক ইনিশিয়েটিভের (GNI) প্রতিষ্ঠাতা সদস্য যেগুলি ICT সংস্থা, নাগরিক সমাজ সংস্থা, সামাজিক দায়বদ্ধ বিনিয়োগকারী এবং শিক্ষাবিদদের মধ্যেকার একটি সহযোগী প্রচেষ্টা। আমরা মত প্রকাশের স্বাধীনতা এবং গোপনীয়তার অধিকার সংক্রান্ত GNI নীতিগুলির প্রতি আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

আমরা সাইবার-মাধ্যমে করা হস্তক্ষেপ থেকে আমাদের গনতান্ত্রিক প্রক্রিয়াতে আসা ঝুঁকির বিষয়ে সচেতন এবং রাজনৈতিক প্রচারগুলি হ্যাকিং থেকে রক্ষা করতে, অনলাইনে রাজনৈতিক বিজ্ঞাপন সম্পর্কিত স্বচ্ছতা বাড়াতে, নির্বাচনী প্রক্রিয়াগুলি সুরক্ষিত করতে, ভোটের প্রচারে ভুল তথ্য ছাড়ানো বন্ধ করতে প্রযুক্তিগত সমাধানগুলি খুঁজতে আমরা বিশ্বব্যাপী সরকার, বেসরকারী সংস্থা, শিক্ষাবিদ, এবং শিল্প সহ স্টেকহোল্ডারদের সাথে মিলিতভাবে কাজ করি।

ডিজিটাল প্ল্যাটফর্মগুলির অপব্যবহারের বিরুদ্ধে লড়াই করার জন্য আমরা বিশ্বব্যাপী নাগরিক সমাজ সংস্থা, গবেষক, সরকার এবং আইন প্রয়োগকারী সংস্থার সাথে পরামর্শের পাশাপাশি শিল্পের ক্ষেত্রেও অন্যদের সাথে কাজ করি। উদাহরণস্বরূপ, আমরা সক্রিয়ভাবে সন্ত্রাসবাদ দমনে গ্লোবাল ইন্টারনেট ফোরাম (GIFCT) এবং WePROTECT, অনলাইনে শিশু শোষণের অবসান ঘটাতে গ্লোবাল অ্যালায়েন্স-এ অংশগ্রহণ করি। অ্যাক্সেসযোগ্য টেকনোলজি পণ্য এবং পরিষেবা প্রদান করার আমাদের অঙ্গীকারের অংশ হিসাবে আমরা সক্রিয়ভাবে গ্লোবাল ইনিশিয়েটিভ ফর ইনক্লুসিভ ICTs (G3ict)-এ অংশগ্রহন করি।

টেকনোলজির সেক্টরের বাইরে, আমরা প্যারিস চুক্তিতে যৌথ শ্রম ইউনিয়ন এবং CEO বিবৃতিতে স্বাক্ষরকারী, শ্রমিক এবং তাদের ইউনিয়নের সাথে সংলাপের মাধ্যমে প্রাপ্ত শ্রমশক্তির ন্যায্য রূপান্তর করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা সেই প্রতিষ্ঠানগুলিকে শক্তিশালী করার প্রচেষ্টা করি যারা জলবায়ু পরিবর্তন নিয়ে গবেষণা করে এবং এটি উন্নত করে। আমরা সর্বজনীন নীতি সম্পর্কিত বিষয়গুলির ব্যাপারে কথা বলতে আমাদের বক্তব্য প্রকাশ করি যা মানবজাতির কার্বনের প্রভাব হ্রাস এবং বাস্তুতন্ত্র পরিচালনার জন্য গুরুত্বপূর্ণ। আমরা আমাদের মানবাধিকারের প্রতিশ্রুতিগুলি কীভাবে কার্যকর করেছিলাম তা শেয়ার করার জন্য শিল্পগুলি জুড়ে সংস্থাগুলির সাথে জড়িত হয়ে আমরা টেকনোলজি সেক্টর এবং তার বাইরেও অন্যদের দ্বারা ব্যবস্থা গ্রহণের অনুঘটক হিসাবে কাজ করার আগ্রহী।

## প্রভাবে মূল এলাকাগুলি।

Microsoft পাঁচটি প্রধান ক্ষেত্রে আমাদের কাজের মাধ্যমে মানবাধিকারকে সম্মান করার দায়িত্বটি সর্বোত্তমভাবে পালন করতে পারে:

**সরকারী দাবি-দাওয়ার ক্ষেত্রে আমাদের নীতি এবং অনুশীলনসমূহ**: আইনের বিধির প্রতি আমাদের প্রতিশ্রুতি আমাদের প্রয়োগযোগ্য স্থানীয় আইন মেনে চলতে বাধ্য করে। যখন আমরা ব্যবহারকারীদের ডেটা সরবরাহ করতে বা সামগ্রীগুলি সরানোর জন্য সরকারের পক্ষ থেকে অনুরোধগুলির সম্মুখীন হই, তখন আমরা সরকারের অনুরোধগুলি বৈধ, আইনত বাধ্যতামূলক, প্রযোজ্য আইনের সাথে সম্মতিযুক্ত এবং আন্তর্জাতিক আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা মূল্যায়ন করে গোপনীয়তা এবং মত প্রকাশের স্বাধীনতার মানবাধিকারকে সম্মান করার কাজ করি।

**আমাদের গ্রাহক**: মানবাধিকার এবং বিশ্বজুড়ে আমাদের কোটি কোটি ব্যবহারকারীর প্রতি আমাদের প্রতিশ্রুতিবদ্ধতার প্রতিচ্ছবি হিসাবে, আমরা আমাদের পণ্যগুলির জীবনকাল এবং ব্যবসায়িক সম্পর্ক জুড়ে অধিকার-সচেতন সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে ঝুঁকি হ্রাস এবং প্রতিরোধ করার চেষ্টা করি। উদাহরণস্বরূপ, আমরা রেস্পন্সিবল আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (AI)-এর প্রতি অঙ্গীকারবদ্ধ AI প্রিন্সিপালকে এর বিকাশের মধ্যে ব্যবহার করার মাধ্যমে। প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতা প্রদান করে এমন প্রযুক্তি তৈরি এবং সরবরাহের আমাদের প্রতিশ্রুতি পূরণ করতে আমরা আমাদের ইনক্লুসিভ ডিজাইন প্রিন্সিপালগুলিকে ব্যবহার করে অ্যাক্সেস যোগ্যতার প্রতি প্রাধান্য প্রদান করে থাকি। মানুষের গোপনীয়তার অধিকারের জন্য আমরা আমাদের গোপনীয়তার নীতিমালা প্রয়োগ করে আমাদের গ্রাহকদের তাদের নিজেদের ডেটার ওপর নিয়ন্ত্রণ রাখতে সক্ষম করি এবং তাদের যে কোনো উদ্বেগের জন্য একটি উৎসর্গীকৃত অভিযোগের ব্যবস্থা সরবরাহ করি। টেকনোলজি ইন্ডাস্ট্রিতে আমাদের মত অনেকেই যেসকল সমস্যার সম্মুখীন হয় সেগুলির প্রতিরোধ করতে এবং আমাদের পণ্যগুলির সম্ভাব্য ক্ষতির সমাধানে সহায়তা করার জন্যও আমরা সম্মিলিত পদক্ষেপ গ্রহণ করি।

**আমাদের কর্মচারী**: ILO ডিক্লারেশন অন ফান্ডামেন্টাল প্রিন্সিপালস অ্যান্ড রাইটস অ্যাট ওয়ার্ক (ILO কর্মক্ষেত্রে মৌলিক নীতি ও অধিকার সম্পর্কিত ঘোষণাপত্র) কর্মসূচিতে বর্ণিত অধিকারগুলিসহ আমরা আমাদের কর্মীদের অধিকারকে সম্মান করতে প্রতিশ্রুতিবদ্ধ: তাদের অ্যাসোসিয়েশন গঠনের স্বাধীনতা এবং সম্মিলিত দর কষাকষির অধিকার, তাদের নিয়োগ বা পেশার ক্ষেত্রে জোরপূর্বক শ্রম, শিশুশ্রম বা বৈষম্যের শিকার না হওয়ার অধিকার। কর্মক্ষেত্রে বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তির একটি প্রকৃত সংস্কৃতি উৎসাহিত করতে, আমরা মহিলাদের বিরুদ্ধে বৈষম্য দূরীকরণ সম্পর্কিত কনভেনশন, প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সম্পর্কিত কনভেনশন এবং LGBTI বা সমকামীদের বিরুদ্ধে বৈষম্য মোকাবিলা করতে জাতিসংঘের ব্যবসায়িক আচরণবিধির স্ট্যান্ডার্ডের সাথে আমাদের অনুশীলনগুলি একত্রিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের জী নীতিগুলি এই প্রতিশ্রুতিগুলিকে একত্রিত করে তাতে অন্তর্ভুক্ত আমাদের সমান কর্মসংস্থানের সুযোগের নীতি, বৈষম্যবিরোধী ও হয়রানির নীতি, এবং আমাদের ব্যবসায়িক আচরণবিধির স্ট্যান্ডার্ড। এই নীতিগুলি একসারি কর্মসূচী দিয়ে সম্পাদন করা হয় যা আমাদের কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যদের ভালো থাকার বিষয়টিকে সমর্থন করে।

**আমাদের সরবরাহকারী**: একটি সুষ্ঠু জীবনযাপন দীর্ঘস্থায়ী করার জন্য কোনো উপযুক্ত কাজ করা আবশ্যক এবং সেটাই একটি মর্যাদাপূর্ণ জীবনের মূল ভিত্তি। আমরা সুনিশ্চিত করার প্রচেষ্টা করি যে প্রতিটি মানুষ যারা আমাদের পণ্যগুলি তৈরি করে তাদের যেন যোগ্য সম্মান ও মর্যাদা দেওয়া হয়। Microsoft আশা করে যে এর সরবরাহকারীরা সকল নিয়োগের আইন সম্পূর্ণরূপে মেনে চলবে, মানবাধিকারের সমস্ত সম্মান এবং কর্মক্ষেত্রে সমান সুযোগ প্রদানের প্রতিশ্রুতি ভাগ করে নেবে এবং মানবাধিকারের যে কোনও প্রতিকূল প্রভাবের বিরুদ্ধে যথাযথ কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।

Microsoft-এর বিশ্বজুড়ে হাজার হাজার সরবরাহকারীর সাথে সম্পর্কিত। আমাদের দায়িত্বশীল সোর্সিং-এর লক্ষ্যগুলির সাথে অগ্রসর হতে, আমরা আমাদের সরবরাহকারীদের সাথে সম্পর্ক স্থাপনের সময় প্রচুর পরিমাণে বিনিয়োগ করি এবং আমাদের মানবাধিকারের প্রতিশ্রুতি আমাদের সমস্ত সরবরাহকারীদের মধ্যে প্রসারিত হয়। Microsoft-এরসাথে ব্যবসা করে এমন সমস্ত সরবরাহকারী, আমাদের সরবরাহকারী এবং হার্ডওয়্যার সরবরাহকারীদের (SCoc) আচরণবিধি, Microsoft সরবরাহকারীদের সামাজিক এবং

পরিবেশগত দায়বদ্ধতার ম্যানুয়াল (Suppliers SEA Manual)-এ লিপিবদ্ধ নীতিগুলি অনুযায়ী মানবাধিকার, শ্রম, স্বাস্থ্য ও সুরক্ষা, পরিবেশগত এবং নৈতিক অনুশীলনগুলিকে সমর্থন করবে বলে আশা করি।

আমাদের SCoC, Supplier SEA Manual এবং বৃহত্তর দায়িত্বশীল সৌর্সিং প্রোগ্রাম এই সবকটিই ILO ডিক্লারেশন অন ফান্ডামেন্টাল প্রিন্সিপালস অ্যান্ড রাইটস অ্যাট ওয়ার্ক (ILO কর্মক্ষেত্রে মৌলিক নীতি ও অধিকার সম্পর্কিত ঘোষণাপত্র), ILO-র মূল কনভেনশন, শিশুদের অধিকার সম্পর্কিত কনভেশনের অরাসান্গিক ভাগ, কর্মসূচিতে বর্ণিত অধিকারগুলিসহ আমরা আমাদের কর্মীদের অধিকারকে সম্মান করতে প্রতিশ্রুতিবদ্ধ:মহিলাদের বিরুদ্ধে বৈষম্য দূরীকরণ সম্পর্কিত কনভেনশন, প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সম্পর্কিত কনভেনশন এবং LGBTI বা সমকামীদের বিরুদ্ধে বৈষম্য মোকাবিলা করতে জাতিসংঘের ব্যবসায়িক আচরণবিধির স্ট্যান্ডার্ড অনুসরণ করে। তদুপরি, SCoC আমাদের বিশ্বব্যাপী সরবরাহের চেইনে আধুনিক দাসত্ব ও মানব পাচারের মত কার্যকলাপ প্রতিরোধ করার মূল সরঞ্জাম, তাছাড়াও ILO মূল সম্মেলনগুলির দ্বারা নির্ধারিত কাজের সময়কে সম্মান করা, সমাবেশ এবং সম্মিলিত দর কষাকষির এতে অন্তর্ভুক্ত।

আমরা আমাদের জরুরী কর্মীদের সহ সমগ্র সাপ্লাই চেইন থেকে মানব পাচার এবং বাধ্যতামূলক শ্রম নির্মূল করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা বুঝতে পারি যে বিদেশী অভিবাসী শ্রমিকরা (FMWs) বিশেষতঃ বাধ্যতামূলক শ্রমের ঝুঁকিতে থাকে এবং আমরা সমস্ত অভিবাসী শ্রমিক এবং তাদের পরিবারের সদস্যদের অধিকার সংরক্ষণের কনভেনশনকে সম্মান করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের সাপ্লাই চেইন থেকে মানব পাচারকে বাদ দেওয়ার জন্য আমাদের প্রতিশ্রুতি আমাদের SCoC এবং দায়িত্বশীল সোর্সিং প্রোগ্রাম প্রোটোকলে এম্বেড করা রয়েছে। আমরা স্বীকার করি যে মানবাধিকারের সমস্যায় জর্জরিত জটিল সরবরাহ শৃঙ্খলের সমস্যার সমাধান করা একটি যৌথ দায়িত্ব, প্রায়শই ইন্ডাস্ট্রি জুড়ে এবং বিবিধ-অংশীদারদের সহায়তার প্রয়োজন হয়। যেমন, আমরা রেস্পন্সিবল বিজনেস অ্যালায়েন্স, রেস্পন্সিবল মিনারেল ইনিশিয়েটিভ, ইনিশিয়েটিভ ফর রেস্পন্সিবল মাইনিং অ্যাসুরেন্স, টেক এগেইনস্ট ট্রাফিকিং, এবং গ্লোবাল বিজনেস কোয়ালিশন এগেইনস্ট হিউম্যান ট্রাফিকিং-এ অংশগ্রহণ করি।

আমরা আমাদের প্রবাহের সাপ্লাই চেইনের স্থায়িত্ব সম্পর্কে বিশেষ যত্নশীল। Microsoft কাঁচামাল হারভেস্টবা খনন করে না, তবে আমরা আমাদের নীতি ও অনুশীলনের মাধ্যমে আপস্ট্রিম হার্ভেস্টিং ও খননের উপর প্রভাব ফেলে। আমাদের ডিভাইসগুলির জন্য আমাদের কাঁচামালের সংগ্রহ Microsoft-এর দায়িত্বপূর্ণ কাঁচামাল সংগ্রহ (RSRM) নীতি অনুযায়ী করা হয়। RSRM নীতি আমাদের সরবরাহকারীদের আচরণবিধিকে সর্বাধিক প্রসারিত করে যাতে মানবাধিকার, শ্রম, স্বাস্থ্য ও সুরক্ষা, পরিবেশ সুরক্ষা এবং ব্যবসায়িক নীতিশাস্ত্রকে সরবরাহের চেইনের সর্বাধিক সীমা পর্যন্ত সমর্থন করা যায়। এই নীতিটি আমাদের ডিভাইসগুলির হার্ডওয়্যার এবং প্যাকেজিং সরবরাহের চেইনে ব্যবহৃত সমস্ত খনিজ এবং উপকরণগুলিকে কোনো ভৌগোলিক সীমা ছাড়া আওতাভুক্ত করে।

**আমাদের সম্প্রদায়**: আমরা আমাদের ক্রিয়াকলাপ বা সাপ্লাই চেইনের মাধ্যমে বা আমাদের টেকনোলজির প্রয়োগের মাধ্যমে, যেভাবেই সম্প্রদায়গুলির সাথে সংযোগ স্থাপন করি না কেন, Microsoft অধিকারের ধারকদের প্রাপ্য স্বীকৃতি দেয়। আমরা আমাদের যথাযথ পরিশ্রম প্রক্রিয়াগুলিতে যে সম্প্রদায়গুলিতে পৌঁছেছি তার উপর আমাদের সম্ভাব্য এবং প্রকৃত মানবাধিকারের প্রভাবগুলি বিবেচনা

করি। আমরা মানবিক সহায়তা এবং অলাভজনক অনুদানের মাধ্যমে আমাদের স্থানীয় এবং গ্লোবাল সম্প্রদায়ের অধিকার প্রচারের জন্য নির্দিষ্ট সুযোগগুলিতেও বিনিয়োগ করে থাকি।

Microsoft অনুদান-এর মাধ্যমে, আমরা উৎপাদনশীলতা, ক্লাউড টেকনোলজি, ও পণ্য অনুদান করি এবং তাতে ছাড় দিয়ে থাকি যাতে অলাভজনক সংস্থাগুলি যে সম্প্রদায়গুলিকে সহায়তা করছে সেক্ষেত্রে তারা সর্বাধিক সমর্থন প্রদান করতে পারে। যোগ্য অলাভজনকদের জন্য নিখরচায় বা উল্লেখযোগ্য ছাড়ের জন্য আমাদের ক্লাউড পরিষেবা এবং সফ্টওয়্যার সরবরাহ করে আমরা বিশ্বব্যাপী মানবাধিকার সংস্থাগুলি তাদের মিশনগুলিকে এগিয়ে নিয়ে যেতে সক্ষম করি। আমরা বাস্তুচ্যুত মানুষদের ডিজিটাল দক্ষতার সংস্থান এবং প্রশিক্ষণ প্রদানের জন্য অলাভজনক সংস্থাগুলির সাথে অংশীদারিত্ব করছি, তাদেরকে শিক্ষামূলক ও অর্থনৈতিক সুযোগের অ্যাক্সেসের ক্ষমতায়ন করছি। কোনো মানবিক সংকটের সময়, আমরা ক্ষতিগ্রস্থ সম্প্রদায়গুলিকে যখন এবং যেখানে দরকার সেখানে টেকনোলজি এবং তথ্যের অ্যাক্সেস প্রদান করে সহায়তা করি। আমরা সংস্থাগুলিকে ভবিষ্যতের বিপর্যয়ের বিষয়ে সাড়া দেওয়ার দক্ষতার উন্নত করার সময় প্রস্তুতি বাড়াতে এবং প্রতিক্রিয়ার সময় কমাতে সহায়তা করার জন্য কাজ করি।

আমাদের লক্ষ্য পূরণে সহায়তা করার জন্য, Microsoft আরও বেশী সম্মিলিত ও ন্যায়সঙ্গত বিশ্ব গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ। আজকের দিনে যুবকরা যে সঠিক সুযোগগুলি নিতে পারছে না সেই ব্যবধান দূর করতে আমরা করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং আমরা দক্ষতা এবং নিয়োগ এবং সস্তায় ব্রডব্যান্ড অ্যাক্সেস করার মত সুযোগ সুবিধাগুলি বঞ্চিত এবং প্রাতিনিধিহীন সম্প্রদায়গুলিতে প্রদান করতে আমরা সম্প্রদায়গুলিতে বিনিয়োগ করি। Microsoft কর্মচারীদের অনুদান (এমপ্লয়ী গিভিং) প্রোগ্রামের মাধ্যমে আমাদের কর্মচারীরা তাদের সময়, দক্ষতা, অর্থ তাদের পছন্দের যেকোনো অলাভজনক সংস্থায় অনুদান করে যেখানে কোম্পানিও সেই সমপরিমাণ অর্থ প্রদান করে।

## অভ্যন্তরীণ সুশাসন

তথ্য ও যোগাযোগ টেকনোলজি এবং আমাদের ব্যবসায়িক ক্রিয়াকলাপ মানবাধিকারের সম্মান ও প্রচার করছে কিনা তা সুনিশ্চিত করার দায়িত্বভার আমাদের কর্মচারী, অংশীদার, সরবরাহকারী, সরকার এবং গ্রাহকরা নিজেদের মধ্যে ভাগ করে নেন।

Microsoft-এর বোর্ড অফ ডিরেক্টরদের রেগুলেটরি এবং পাবলিক পলিসি কমিটি সংস্থাটির মূল অ-আর্থিক নিয়ন্ত্রক ঝুঁকির তদারকি করে যা কোম্পানির উপর এবং গ্রাহক, কর্মচারী এবং জনসাধারণের সাথে আস্থা বজায় রাখার তার ক্ষমতার উপর উপাদানগত প্রভাব ফেলতে পারে। এর মধ্যে এমন নীতিমালা এবং কর্মসূচি রয়েছে যা প্রতিযোগিতা এবং অবিশ্বাস, গোপনীয়তা, বাণিজ্য, ডিজিটাল সুরক্ষা, কৃত্রিম বুদ্ধিমত্তা এবং পরিবেশগত স্থায়িত্ব সম্পর্কিত আইনী, নিয়ন্ত্রক এবং সম্মতি সংক্রান্ত বিষয়গুলির পাশাপাশি অ্যাক্সেসযোগ্যতা, মানবাধিকার এবং দায়বদ্ধ সোর্সিং সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়গুলিকে অন্তর্ভুক্ত করে। কমিটি কোম্পানির সরকারী সম্পর্কের ক্রিয়াকলাপ এবং রাজনৈতিক ক্রিয়াকলাপ এবং ব্যয়, পাবলিক পলিসি এজেন্ডা এবং উল্লেখযোগ্য পাবলিক পলিসি সম্পর্কিত অবস্থানেরও পর্যালোচনা করে।

Microsoft-এর পেসিডেন্ট এবং চিফ লিগাল অফিসার Microsoft কর্পোরেট, বাহ্যিক এবং আইন বিষয়ক বিভাগের মধ্যে কাজ করে আমাদের মানবাধিকার প্রতিশ্রুতি বাস্তবায়নের তদারকি করেন। বিভাগটি 1,500

টিরও বেশি ব্যবসায়িক, আইনী এবং কর্পোরেট বিষয়ক পেশাদারদের নিয়ে গঠিত যা 54 টি দেশে অবস্থিত এবং 120 টিরও বেশি দেশে প্রযুক্তি এবং সমাজের আন্তঃসংযোগ সংক্রান্ত বিবিধ বিষয় নিয়ে কাজ করে যাতে অন্তর্ভুক্ত সাইবারসিকিউরিটি, গোপনীয়তা, নীতিশাস্ত্র, কৃত্রিম বুদ্ধিমত্তা, মানবাধিকার, অভিবাসন, জনহিতকর ও পরিবেশগত স্থায়িত্ব।

Microsoft টেকনোলজি অ্যান্ড হিউম্যান রাইটস সেন্টার 2013 সালে প্রতিষ্ঠিত হয়েছে এবং এটি আমাদের মানবাধিকারের যথাযথ প্রয়োগকে অগ্রাধিকার দেয় এবং সমন্বিত করে, ঝুঁকির সম্ভাবনা এবং মানবাধিকার সম্পর্কিত সুযোগগুলি চিহ্নিত করে। এই কেন্দ্রটি সমগ্র সংস্থা জুড়ে মানবাধিকারের সমন্বিত পদ্ধতির প্রচার করে এবং ICT-র মানবাধিকারের ওপর প্রভাবগুলি বোঝার সাথে সম্পর্কিত কথোপকথনকে উৎসাহিত করে। এই কেন্দ্রের মাধ্যমে, Microsoft-এর অভিজ্ঞতা এবং শিক্ষাগুলি শেয়ার করে নেওয়ার জন্য Microsoft বিশ্বব্যাপী মানবাধিকার গ্রুপ, শিক্ষাবিদ এবং শিল্প গোষ্ঠীর সাথে ব্যাপক হারে পর্যালোচনা করে এবং পরামর্শ নেয়।